

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০০.০১১.৩১.০০০১.২৫-১১৬

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: **এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন ই-রেজিস্ট্রেশন ও বিদ্যমান ই-রেজিস্ট্রেশন হালনাগাদ-এর সময় বর্ধিতকরণ এবং সংশোধন (Edit) অপশন চালু রাখা প্রসঙ্গে।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) শিক্ষকের শূন্যপদ সংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের উদ্দেশ্যে এনটিআরসিএ কর্তৃক প্রতিষ্ঠানসমূহের ই-রেজিস্ট্রেশন কার্যক্রম গত ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ থেকে ২২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। উক্ত সময়সীমা আগামী ০১/০৩/২০২৬ খ্রি. তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত বর্ধিত করা হলো। **এছাড়া উক্ত তারিখের মধ্যে যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান ই-রেজিস্ট্রেশনের সময় তথ্য ভুল প্রদান করেছেন, সেই সকল শিক্ষাপ্রতিষ্ঠান ভুল সংশোধন (Edit) করতে পারবেন।** এ সংক্রান্ত বিস্তারিত তথ্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) “ই-রেজিস্ট্রেশন” সেবাবক্সের ই-রেজিস্ট্রেশন নির্দেশিকা মেন্যুতে পাওয়া যাবে।

২। উল্লেখ্য “এনটিআরসিএ এর আইন ২০০৫ এবং পরিপত্র অনুসারে এমপিওভুক্ত শূন্যপদের ক্ষেত্রে ই-রেজিস্ট্রেশন এবং ই-রিকুইজিশন করা বাধ্যতামূলক। অন্যথায় প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের এমপিও বাতিলকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণা করা হবে”।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে উপরোল্লিখিত নির্দেশিকা অনুসরণে নির্ধারিত সময়ের মধ্যে ই-রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। **উল্লেখ্য, ইরেজিস্ট্রেশন ব্যতীত কোন শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক শূন্যপদের চাহিদা এনটিআরসিএ-তে প্রেরণের সুযোগ নেই।**

(তাসনিম জেবিন কিমতে শেখ)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪.

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৪. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. জেলা প্রশাসক (সকল);
৬. জেলা শিক্ষা অফিসার (সকল);
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৮. এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট);
৯. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. অফিস কপি।